94

# দৈনিক খবর

তারিখ ...13 SEP [illegible]
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... 2

25

## শিক্ষাঙ্গন থেকে নৈরাজ্য উচ্ছেদে সরকার দৃঢ় প্রতিজ্ঞ : শিক্ষামন্ত্রী

ঘিওর (মানিকগঞ্জ), ১১সেপ্টেম্বর (তথ্যবিবরণী)।– শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ছাত্র–ছাত্রীদের মাঝে নকল প্রবণতারোধসহ শিক্ষাঙ্গন থেকে সকল প্রকার নৈরাজ্য উচ্ছেদে সরকারের দৃঢ় প্রত্যয়ের কথা পুনর্ব্যক্ত করেছেন।

মন্ত্রী আজ ঘিওর সরকারী কলেজ মাঠে ছাত্র–ছাত্রী, শিক্ষক–শিক্ষিকা এবং অভিভাবকসহ সকল স্তরের জনগণের এক বিরাট সমাবেশ প্রধান অতিথির ভাষণদিচ্ছিলেন।

তিনি বলেন, নকল ছাত্র–ছাত্রীদের লেখাপড়ার প্রতি অমনযোগী করে তোলে এবং তাদের মেধা ও প্রতিভা বিকাশের পথে অন্তরায় সৃষ্টি করে। শিক্ষকরা যদি শ্রেণীকক্ষে ছাত্র–ছাত্রীদের মনোযোগী করে তুলতে পারেন এবং অভিভাবকরা যদি বাড়ীতে নিয়মিত লেখাপড়ার ক্ষেত্রে ছেলেমেয়েদের খোঁজ–খবর রাখেন তবে শিক্ষাঙ্গণ থেকে সকল প্রকার নকল প্রবণতা ও অনিয়ম দূরীভূত হতে বাধ্য বলে তিনি মন্তব্য করেন।

শিক্ষাকে দলীয় রাজনীতির উর্ধ্বে রাখার আহবান জানিয়ে শেখ শহীদ বলেন, আমরা যারা যে রাজনীতিই করি না কেন দেশ তথা জাতীয় উন্নয়নের স্বার্থে দেশের ভবিষ্যৎ ছাত্র–ছাত্রীদের দলীয় রাজনীতির সাথে জড়ানো উচিত নয়।